তারিখ 10 JAN 2016
পৃষ্ঠা ২৮ কলাম ২

# নান্দাইলের স্কুলে তালা ঝুলিয়ে দেয়ার অভিযোগ

■ নান্দাইল (ময়মনসিংহ) সংবাদদাতা

ময়মনসিংহের নান্দাইল উপজেলার খুর্শেদ এলিনর বিদ্যানিকেতনে কম টাকায় ভর্তির দাবিতে গতকাল শনিবার শিক্ষা প্রতিষ্ঠানটির মূল ফটকে তালা ঝুলিয়ে দেয় স্থানীয় কয়েকজন প্রভাবশালী ব্যক্তি। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক তাৎক্ষনিক উপজেলা নির্বাহি কর্মকর্তা ও থানার ওসিকে বিষয়টি জানালে পুলিশ ঘটনাস্থল গিয়ে শিক্ষা প্রতিষ্ঠানটির তালা খুলে দেয়।

বিদ্যানিকেতনের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আমিনা খাতুন জানান, মো. মুখলেছুর রহমান প্রধান শিক্ষকের অজ্ঞাতে ম্যানেজিং কমিটির সভাপতি হলে তিনি গত বছর ঈশ্বরগঞ্জ আদালতে একটি মামলা করেন। এ মামলায় বিচারক সভাপতির কার্যক্রমের ওপর অর্ন্তবর্তিকালীন নিষেধাজ্ঞা জারি করেন। শেষ পর্যন্ত বিষয়টি হাইকোর্টে গড়ালে সেখানেও প্রধান শিক্ষকের পক্ষে স্থিতিবস্থার রায় বজায় থাকে। এতে মুখলেছুর রহমান ক্ষিপ্ত হয়ে ৬ষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ভর্তির টাকা কমানোর অজুহাতে লোকজন দিয়ে বিদ্যালয়ে তালা লাগিয়ে দেন।

নান্দাইল মডেল থানার উপ-পরিদর্শক (এসআই) আব্দুল্লাহ আল মামুন জানান, অভিযোগ পেয়ে ঘটনাস্থল গিয়ে তালা খুলে দেয়া হয়েছে। সমস্যা থাকলে তা আলোচনার মাধ্যমে সমাধানের জন্য বলা হয়েছে।